

তখন

‘যে পথে রাজা উজীররা যাতায়াত করেন
তাদের বলে রাজপথ।
ওরা যান ঘোড়া বা হাতির পিঠে চড়ে—
পা-ই যাদের একমাত্র সম্বল, তারা সাবধান।’

রাস্তা তো হাঁটার জন্যই।
যাদের ঘোড়া যাদের হাতি, ওঁরাও কি পারেনা
একটু সামলে চলতে?
নইলে—সময় তো আর রাজা-উজির বোঝে না
বেশি বাড়াবাড়ি করলে সে-ও বলবে ‘হটো’।

তখন কোথায় থাকবে হাতি আর ঘোড়া?
গোটা রাস্তাটাই তো ওদের ছেড়ে দিতে হবে।

বীরেন্দ্র চট্টোপাধ্যায়

